**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 15-02-2026** **Time: 1.30 PM**

-

বিশেষ বিশেষ খবর –

১) দেশের শহর এলাকার পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে কেন্দ্রীয় সরকার এক লক্ষ কোটি টাকার পুর চ্যালেঞ্জ তহবিলের প্রস্তাব অনুমোদন করেছে।

২) পিএম Road Accident Victim Hospitalization and Assured Treatment বা রাহাত প্রকল্পের সূচনার প্রস্তাবে অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী।

৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আজ গুজরাটে দেশের প্রথম সেন্ট্রাল ব্যাংক ডিজিটাল মুদ্রা-ভিত্তিক গণবণ্টন ব্যবস্থার সূচনা করবেন।

৪) যথাযথ ভক্তি ও মর্যাদায় আজ দেশজুড়ে মহাশিবরাত্রি পালিত হচ্ছে। রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

৫) কলম্বোয় ভারত আজ টি-২০ বিশ্বকাপের গ্রুপ পর্বের ম্যাচে পাকিস্তানের মুখোমুখি হবে।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভার শুক্রবারের বৈঠকে পুর চ্যালেঞ্জ তহবিল (ইউসিএফ) অনুমোদন করা হয়েছে। ১ লক্ষ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তার এই তহবিলের অর্থ দিয়ে যে কোন প্রকল্পের ২৫ শতাংশ ব্যয়ভার বহন করা যাবে। তবে প্রকল্প ব্যয়ের কমপক্ষে ৫০ শতাংশ বাজার থেকে সংগ্রহ করতে হবে।

এর ফলে আগামী পাঁচ বছরে এর ফলে শহরাঞ্চলে মোট ৪ লক্ষ কোটি টাকার বিনিয়োগ হবে বলে আশা করা হচ্ছে । নতুন এই উদ্যোগ ভারতের নগর উন্নয়ন পদ্ধতির অনুদান-ভিত্তিক অর্থায়ন থেকে সংস্কার এবং ফলাফল-ভিত্তিক পরিকাঠামো নির্মাণে একটি উল্লেখযোগ্য পরিবর্তন সূচিত করবে।

পুর চ্যালেঞ্জ তহবিল উচ্চমানের নগর পরিকাঠামো নির্মাণের জন্য বাজার অর্থায়ন, বেসরকারি অংশগ্রহণ এবং নাগরিক-কেন্দ্রিক সংস্কারগুলিকে কাজে লাগাবে। এই তহবিলের লক্ষ্য দেশের অর্থনৈতিক উন্নয়নের পরবর্তী পর্যায়ের মূল চালিকাশক্তি হয়ে উঠতে সক্ষম এমন স্থিতিশীল, উৎপাদনশীল, অন্তর্ভুক্তিমূলক এবং জলবায়ু-সহনশীল শহর নির্মাণ করা।

এই তহবিলটি ২০২৫-২৬ অর্থবছর থেকে ২০৩০-৩১ অর্থবছর পর্যন্ত কার্যকর থাকবে। এর মেয়াদ ২০৩৩-৩৪ অর্থবছর পর্যন্ত বাড়ানো হবে। এটি ২০২৫-২৬ বাজেটে ঘোষিত সরকারের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের জন্য নগর উন্নয়ন কেন্দ্র, সুস্থায়ী নগর পুনর্নবীকরণ এবং জল ও পয়ঃনিকাশী সম্পর্কিত প্রস্তাবগুলি বাস্তবায়িত করবে।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পিএম Road Accident Victim Hospitalization and Assured Treatment বা রাহাত প্রকল্পের সূচনার প্রস্তাবে অনুমোদন দিয়েছেন। এই উদ্যোগের আওতায় দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা দেড় লক্ষ টাকা পর্যন্ত প্রথম সাতদিনের নগদহীন চিকিৎসা পরিষেবা পাবেন। এর ফলে দুর্ঘটনায় আহত ব্যক্তিদের জরুরী ভিত্তিতে চিকিৎসার সুযোগ মিলবে। কেন্দ্রীয় মহাসড়ক ও সড়ক পরিবহন মন্ত্রক জানিয়েছে এই সিদ্ধান্ত সড়ক দুর্ঘটনার পরে তাৎক্ষণিক চিকিৎসা সহায়তার অভাবে কোনও প্রাণহানি না হয় তা নিশ্চিত করার লক্ষ্যে গ্রহণ করা হয়েছে। মন্ত্রক

জানিয়েছে, মোটর গাড়ি দুর্ঘটনা তহবিলের মাধ্যমে হাসপাতালগুলিকে ক্ষতিপূরণ দেওয়া হবে।

-------------------

কেন্দ্রীয় উপভোক্তা বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী বলেছেন ভারত-মার্কিন দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি ভারতের বস্ত্রশিল্পের উন্নয়নে এক নতুন অধ্যায়ের সূচনা করবে। সামাজিক মাধ্যমে এক বার্তায় গতকাল শ্রী জোশী বলেছেন, এই বাণিজ্য চুক্তি ১১হাজার ৩ শো ৭৬ কোটি ডলারের মার্কিন বাজারে ভারতীয় পণ্যের ঢোকার সুযোগ তৈরি করবে। শুল্ক হ্রাসের ফলে দেশের বস্ত্র শিল্প রপ্তানি ক্ষেত্রে প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। পোশাক, কার্পেট সহ বস্ত্র শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রগুলির দ্রুত উন্নতি হবে। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে অর্জিত এই চুক্তি, বস্ত্রশিল্পের আন্তর্জাতিক বাজারে ভারতের চালিকাশক্তি হবার উদ্যোগকে শক্তিশালী করবে।

-------------------

বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই পঞ্চম শিল্প বিপ্লবের পথ প্রশস্ত করবে। এর মূল কেন্দ্রবিন্দু হবে সামাজিক প্রভাব, গ্রহণযোগ্যতা এবং প্রশাসনিক ব্যবস্থা। এক অনুষ্ঠানে শ্রী বৈষ্ণব বলেন, ভবিষ্যৎ প্রজন্মের প্রযুক্তি ক্ষেত্রে দেশের ক্রমবর্ধমান সাফল্যের প্রতিফলনস্বরূপ ভারত এবছর বিশ্বের বৃহত্তম এআই সম্মেলনের আয়োজন করবে।

-------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ গুজরাতের গান্ধীনগরের মহাত্মা মন্দিরে দেশের প্রথম সেন্ট্রাল ব্যাংক ডিজিটাল মুদ্রা-ভিত্তিক গণবণ্টন ব্যবস্থা চালু করবেন।

গুজরাট সরকারের এই ডিজিটাল মুদ্রা ব্যবস্থা চালু করার লক্ষ্য খাদ্যশস্য বিতরণ পরিকাঠামোকে আরও উন্নত করা । এই অনুষ্ঠানে রাজ্যের খাদ্য নিরাপত্তা সংক্রান্ত নেটওয়ার্ককে মজবুত করার জন্য শস্য এটিএম এবং বিশেষ খাদ্য নিরাপত্তা ব্যবস্থারও সূচনা করা হবে। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, এই ব্যবস্থা চালু হলে গুজরাট দেশের প্রথম রাজ্য হবে যেখানে জনসাধারণের জন্য RBI-অনুমোদিত ডিজিটাল টোকেনের ব্যবহার শুরু হবে ।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণী সংবাদের ওয়েবসাইট, newsonair মোবাইল app, প্রধান মন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

------------------

বিশ্বজুড়ে আজ আন্তর্জাতিক শিশু ক্যান্সার প্রতিরোধ দিবস উদযাপিত হচ্ছে। লিউকেমিয়া, ব্রেন টিউমার, লিমফোমা, কিডনি ক্যান্সার, অস্টিওসারকোমার মত রোগের উপসর্গ দেখলে তা প্রাথমিক সনাক্তকরণের জন্য জনসাধারণের মধ্যে সচেতনতা বাড়াতে আজকের দিনটি পালন করা হয়। শিশুদের মধ্যে ক্যান্সারের লক্ষণ পাওয়া গেলেও আধুনিক চিকিৎসা ব্যবস্থার মাধ্যমে তা দ্রুত নিরাময় করা যায় বলে কলকাতার এসএসকেএম হাসপাতালের ঘাড় ও গলার ক্যান্সার সার্জেন যশস্বী দুবে আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট

-------------------

যথাযথ ভক্তি ও মর্যাদায় আজ দেশজুড়ে মহাশিবরাত্রি পালিত হচ্ছে। কিংবদন্তী অনুসারে আজকের দিনেই মহাদেব ও পার্বতীর শুভ বিবাহ সম্পন্ন হয়েছিল। সেই অনুষ্ঠানের স্মরণে আজ ভক্তরা উপবাস করেন। সারা রাত বিভিন্ন মন্দিরে পূজার্চনা করা হয়। লক্ষ লক্ষ পুণ্যার্থী আজ বিভিন্ন নদীতে পবিত্র স্নান করে শিবের আরাধনায় মগ্ন হন। এই পুজো শান্তি ও সমৃদ্ধির সূচক বলে মনে করা হয়। পশ্চিমবঙ্গে শৈবতীর্থ তারকেশ্বর, জল্পেশ মন্দির ও নেপালের পশুপতিনাথ মন্দিরকে এই উপলক্ষে বিশেষভাবে সাজিয়ে তোলা হয়েছে। সকাল থেকেই এই মন্দিরগুলোয় ভক্তদের ভিড় লক্ষ্য করা যাচ্ছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ শিবরাত্রি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

রাষ্ট্রপতি এক বার্তায় সমস্ত নাগরিকদের জন্য ভগবান শিবের কাছে সমৃদ্ধি ও সুস্বাস্থ্যের জন্য প্রার্থনা জানিয়েছেন।

উপরাষ্ট্রপতি এই উৎসবকে জাতির শাশ্বত আধ্যাত্মিক ঐতিহ্যের প্রতীক হিসাবে বর্ণনা করেছেন।

অন্যদিকে, প্রধানমন্ত্রী মোদীও এই উপলক্ষে দেশবাসীর সমৃদ্ধি কামনা করেছেন।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হেরাত পোশতে উপলক্ষ্যে কাশ্মীরী পণ্ডিতদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, এই উৎসব কাশ্মীরী পণ্ডিতদের সমৃদ্ধ ঐতিহ্যের প্রতিফলন। পবিত্র এই মুহূর্তে সকলের সাফল্য কামনা করেন তিনি।

------------------

বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, জার্মানিতে জি-ফোর দেশ গোষ্ঠীর বিদেশমন্ত্রীদের সঙ্গে সাক্ষাত্ করেছেন। এই দেশগুলির মধ্যে জার্মানি ছাড়াও জাপান ও ব্রাজিলের বিদেশমন্ত্রীরা ছিলেন। এই বৈঠকে ডক্টর জয়শঙ্কর আন্তর্জাতিক মঞ্চে বহুপাক্ষিকতার বিষয়ে আলোচনা করেন। মিউনিখ নিরাপত্তা সম্মেলন ২০২৬-এর ফাঁকে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

------------------

বাংলাদেশে নব নির্বাচিত সাংসদ ও মন্ত্রিসভার সদস্যরা আগামী ১৭ই ফেব্রুয়ারি মঙ্গলবার শপথগ্রহণ করবেন.উল্লেখ্য, সে দেশের ত্রয়োদশ সাধারণ নির্বাচনে বিএনপি নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে বিজয়ী হয়েছে।

------------------

জার্মানির মিউনিখে নিরাপত্তা সংক্রান্ত সম্মেলনে মার্কিন যুক্তরাষ্ট্র অ্যাটলান্টিক মহাসাগরের দুই প্রান্তে দেশগুলির মধ্যে জোট বজায় রাখার বিষয়ে অঙ্গীকার পুনরব্যক্ত করেছে। মার্কিন বিদেশ সচিব মারকো রুবিও জানিয়েছেন, অভিন্ন ইতিহাস ও কৌশলগত স্বার্থ বজায় রাখার জন্য এই জোটের প্রয়োজন রয়েছে। ওয়াশিংটন DC র সঙ্গে তার ইউরোপের মিত্রদেশগুলির মধ্যে উত্তেজনার আবহে এই সম্মেলনের আয়োজন করা হয়।

এদিকে, বৃটিশ প্রধানমন্ত্রী কেয়ার স্টারমার জানিয়েছেন, ন্যাটোর উত্তরাঞ্চলে নিরাপত্তাজনিত সমস্যার কারণে ব্রিটিশ বিমান বাহিনীর সদস্যদের সেখানে পাঠাবে। ইউরোপের শক্তি অটুট রাখার জন্য তিনি ন্যাটোর ইউরোপের সদস্যদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান। তবে মার্কিন যুক্তরাষ্ট্রকে এই জোটের গুরুত্বপূর্ণ অংশীদার বলে উল্লেখ করেছেন তিনি। পাশাপাশি ইউরোপেরও প্রয়োজনীয় সামরিক শক্তি থাকা প্রয়োজন বলে উল্লেখ করেছেন বৃটেনের প্রধানমন্ত্রী।

-------------------

ন্যাটো দেশগুলো বাল্টিক ও আর্কটিক অঞ্চলে রাশিয়ার বিরুদ্ধে সামুদ্রিক অবরোধের পরিকল্পনা করছে বলে নরওয়েতে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত নিকোলাই করচুনভ অভিযোগ করেছেন। তিনি বলেন, সামরিক মহড়ার মাধ্যমে ন্যাটো জাহাজ চলাচলের সুযোগ সীমিত করে আন্তর্জাতিক আইন লঙ্ঘন করছে। করচুনভ বলেন, এই ধরনের পদক্ষেপ রাশিয়ার জাতীয় নিরাপত্তার জন্য হুমকি ফলে দেশ পাল্টা ব্যবস্থা নিতে বাধ্য হবে।

সম্প্রতি ব্রিটেনের প্রতিরক্ষা সচিব জন হিলি, বাল্টিক ও নর্ডিক দেশ গুলির মন্ত্রীদের সঙ্গে বৈঠকে রাশিয়া-র সঙ্গে সংশ্লিষ্ট তেল ট্যাঙ্কার বাজেয়াপ্ত করার বিষয়ে আলোচনা করেছেন।

এদিকে ফ্রান্সের বিদেশ মন্ত্রী জ্যাঁ-নোয়েল বারো গতকাল বলেছেন, জি সেভেন-এর বেশ কয়েকটি দেশও রাশিয়ার তেল রপ্তানির সঙ্গে যুক্ত জাহাজ পরিষেবা সংস্থাগুলির ওপর নিষেধাজ্ঞা আরোপে আগ্রহ দেখিয়েছে। মিউনিখে জি সেভেন বিদেশ মন্ত্রীদের বৈঠক শেষে সাংবাদিকদের তিনি জানান, এ বিষয়ে শীঘ্রই একটি চুক্তি হওয়ার সম্ভাবনা রয়েছে।

রাশিয়া বলেছে, অবরোধের মাধ্যমের সে দেশের অর্থনীতি দুর্বল করা এবং গুরুত্বপূর্ণ সামুদ্রিক অঞ্চল নিয়ন্ত্রণে নেওয়ার জন্যই এই উদ্যোগ।

-------------------

মার্কিন যুক্তরাষ্ট্রর সেনাবিভাগ জানিয়েছে, তারা সিরিয়ার ইসলামিক স্টেট জঙ্গিদের ৩০ টি ঘাঁটিতে মোট দশবার আঘাত হেনেছে। গত ডিসেম্বরে দু জন মার্কিন সৈন্য ও একজন অনুবাদককে হত্যার প্রতিশোধ নিতেই এই আক্রমণ।

-------------------

ভারত আজ টি -২০ বিশ্বকাপের গ্রুপ পর্বের ম্যাচে পাকিস্তানের মুখোমুখি হবে। কলম্বোর আর প্রেমাদাসা স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা সাতটায়। গ্রুপ এ তে থাকা দুই দল দুটি করে ম্যাচ জিতে চার পয়েন্ট করে সংগ্রহ করেছে। ভারত গ্রুপ শীর্ষে রয়েছে, পাকিস্তান দ্বিতীয় স্থানে রয়েছে। গতকাল এক সাংবাদিক বৈঠকে ভারত অধিনায়ক সূর্য কুমার যাদব জানিয়েছেন, অভিষেক সুস্থ হয়ে উঠেছেন। আজকের ম্যাচে দলে ফিরছেন তিনি। বাঁ হাতি স্পিনার কুলদীপ যাদবেরও খেলার সম্ভাবনা

রয়েছে। পাকিস্তান অধিনায়ক সালমান আঘা জানান, জয়ের জন্য চির প্রতিদ্বন্দ্বী ভারতের বিরুদ্ধে ভালো ক্রিকেট খেলাই তাদের লক্ষ্য।

এই ম্যাচ সম্পর্কে প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলী বলেছেন,

বাইট

-------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর IMD জানিয়েছে, আজ অরুণাচল প্রদেশে কয়েকটি জায়গায় বৃষ্টি ও তুষারপাত হতে পারে। কর্নাটক, কোঙ্কন এবং গোয়ায় উষ্ণ ও আর্দ্র আবহাওয়া বজায় থাকবে।

------------------- -------------------